

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের (সিকুবি) ভারপ্রাপ্ত উপাচার্য হিসেবে অধ্যাপক ড. মোহাম্মদ মেহেদী হাসান খানকে দায়িত্ব প্রদান করা হয়েছে।



দৈনিক ইন্ডিফাকের সর্বশেষ খবর পেতে **Google News** অনুসরণ করুন

সোমবার (৩ অক্টোবর) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখার উপসচিব মো. মাহমুদুল আলম যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সাময়িকভাবে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে অধ্যাপক ড. মোহাম্মদ মেহেদী হাসান খানকে দায়িত্ব প্রদানের আদেশ জারি করেন।

জানা যায়, গত ২৭ সেপ্টেম্বর সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের সদ্য সাবেক উপাচার্য অধ্যাপক ড. মো. মতিয়ার রহমান হাওলাদারের মেয়াদ পূর্ণ হয়েছে। পরবর্তী উপাচার্য নিযুক্ত না হওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও আর্থিক প্রয়োজনে ডিন কাউন্সিলের আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ মেহেদী হাসান খানকে সাময়িকভাবে নিজ দায়িত্বের অতিরিক্ত উপাচার্য হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

উল্লেখ্য, অধ্যাপক ড. মোহাম্মদ মেহেদী হাসান খান ১৯৯৭ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পশু পালন বিষয়ে স্নাতক, ২০০১ সালে একই বিশ্ববিদ্যালয় থেকে বায়োকেমিস্ট্রি স্নাতকোত্তর ও ২০১০ সালে যুক্তরাজ্যের নিউক্যাসল বিশ্ববিদ্যালয় থেকে প্রাণী পুষ্টি বিষয়ে পিএইচডি লাভ করেন। এছাড়া তিনি বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, সিভিকেট সদস্য, অর্থ কমিটি, রিসার্চ এডভাইজরি কমিটি, কোয়ালিটি এসুরেন্স সেল, অ্যাকাডেমিক কাউন্সিলের সদস্য, হলের প্রাধ্যাক্ষসহ বিভিন্ন অ্যাকাডেমিক ও প্রশাসনিক দায়িত্ব পালন করেছেন।